# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
# Bangladesh Madrasah Education Board, Dhaka.

নং বামাশিবো/সংস্থা/ ৭২৯ তারিখঃ ২৯/১০/২০১৮।

**০১/১১/২০১৮ তারিখ থেকে অন্যান্য কমিটির ন্যায় নির্বাহী কমিটির অনুমোদন প্রদান কার্যক্রম কেবলমাত্র অনলাইন পদ্ধতিতে সম্পন্নকরণ সম্পর্কিত**

## জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা প্রধানসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উদ্ভাবনীমুলক কর্মকান্ডের মাধ্যমে নাগরিক সেবা অধিকতর সহজীকরণের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অংশ হিসেবে ০১/০৬/২০১৭ তারিখ থেকে বোর্ডের অধিভুক্ত সকল বেসরকারী মাদ্রাসা পরিচালনা কমিটি (নির্বাহী কমিটি ব্যতীত),বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন এবং স্বীকৃতি নবায়ন সংক্রান্ত কার্যক্রম অনলাইন পদ্ধতিতে সু-সম্পন্ন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় **"বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯"** এর ৪৮ ধারা অনুযায়ী গঠিত নির্বাহী কমিটি অনুমোদন কার্যক্রমও আগামী ০১/১১/২০১৮ তারিখ থেকে অনলাইনের মাধ্যমে সম্পন্ন করণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ-

১. যে কোন ধরণের কমিটির আবেদন/অনুমোদন অথবা একাডেমিক স্বীকৃতি নবায়নের আবেদন করার জন্য বোর্ডের ওয়েব সাইটে (www.bmeb.gov.bd ) **"ই-ফাইলিং"** লেখা মেনুতে ক্লিক করে e-Office Management System স্ক্রীনে প্রবেশ করতে হবে।

**e-Office Management System** স্ক্রীনে আবেদনের বিষয় লেখা বাটনের পাশে ড্রপ ডাউন লিস্ট থেকে বিষয় হিসেবে-

ক. অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত মাদ্রাসার ক্ষেত্রে **"অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত (EIIN এবং কোড নম্বরধারী) মাদ্রাসার জন্য নির্বাহী কমিটি অনুমোদন প্রদান প্রসংগে"** নির্বাচন করতে হবে

খ. অনুমতি/স্বীকৃতি না থাকলে **"EIIN এবং কোড নম্বরবিহীন (অনুমতি/স্বীকৃতিবিহীন) মাদ্রাসার জন্য নির্বাহী কমিটি অনুমোদন প্রদান প্রসংগে"** নির্বাচন করতে হবে

২. আবেদনের বিষয় নির্বাচন করার সংগে সংগে ঐ আবেদনের সাথে কি কি ডকুমেন্ট বা কাগজপত্র সংযোগ করতে হবে তার নির্দেশনাসহ ১টি তালিকা পাওয়া যাবে। নির্দেশনাবলী সম্বলিত ডকুমেন্টের তালিকাটি ওয়েব সাইট থেকে প্রিন্ট করে নেয়া যাবে।

৩. বর্ণিত নির্দেশনাবলী মোতাবেক যে সকল কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ঐ সকল কাগজপত্র বা রেকর্ডপত্র প্রথমে স্ক্যান করে পিডিএফ ফরমেটে সেভ করে সফটকপি পেন ড্রাইভ বা সিডিতে কপি করে নিতে হবে। অত:পর আবেদন করার সময় তালিকার পাশে ব্রাউজ বাটনে ক্লিক করে ধারাবাহিকভাবে সকল ডকুমেন্ট সংযোগ করতে হবে।

৪. **মোবাইল নম্বরঃ** ই-সার্ভিস কার্যক্রমের আওতায় ইতোপূর্বে প্রতিটি মাদ্রাসা থেকে ২টি দাপ্তরিক মোবাইল নম্বর এবং ওয়েব পোর্টাল ফি গ্রহণ করা হয়েছে। অনলাইনে কমিটি অনুমোদনের আবেদনের ক্ষেত্রে উক্ত ২টি মোবাইল নম্বরের যে কোন ১টি (মাদ্রাসা প্রধানের) ব্যবহার করতে হবে। মাদ্রাসাটি অনুমতি প্রাপ্ত না হলে কেবলমাত্র মাদ্রাসা প্রধানের নামে বায়োমেট্রিক পদ্ধতিতে রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বর দিতে হবে।

৫. সকল ডকুমেন্ট সফল ভাবে সংযুক্ত করা হলে আবেদন সাবমিট করার পূর্বে সংযুক্ত কাগজপত্রের লিস্ট দেখা যাবে এবং প্রিন্ট করে নেয়া যাবে।সঠিকভাবে কাগজপত্র সংযুক্ত করে সাবমিট বাটনে ক্লিক করার পর আবেদন সফলভাবে সাবমিট হয়েছে মর্মে বার্তা দেখা যাবে এবং প্রদত্ত মোবাইল নম্বরে ইউজার আইডি ও পাসওয়ার্ড সম্বলিত এস.এম.এস. পাওয়া যাবে। উক্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে পরবর্তীতে ওয়েব সাইটে আবেদনের সর্বশেষ অবস্থা জানা যাবে। তবে প্রতিটি আবেদনের জন্য ভিন্ন ভিন্ন ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রদান করা হবে। অর্থ্যাৎ ১টি আবেদনের ইউজার আইডি বা পাসওয়ার্ড অন্য আবেদনের ক্ষেত্রে ব্যবহারযোগ্য হবে না।

৬. আবেদন সাবমিট করার পর স্ক্রীনের উপরে প্রিন্ট টিটি স্লিপ লেখা বাটনে ক্লিক করলে সাবমিটকৃত কমিটির অনুমোদন ফি এর টিটি স্লিপ প্রিন্ট করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় গিয়ে টাকা জমা দিতে হবে। এভাবে যে কোন মাদ্রাসা থেকে কমিটি অনুমোদনের জন্য জমাকৃত টাকা বোর্ডের সংশ্লিষ্ট হিসাব নম্বরে জমা হওয়ার পর কমিটি অনুমোদনের কার্যক্রম শুরু করা হবে। তবে টিটি স্লিপ প্রিন্ট করার পরবর্তী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে টাকা ব্যাংকে জমা না হলে ঐ আবেদন বাতিল বলে গন্য হবে।

৭. কমিটি অনুমোদিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে এস.এম.এস. প্রদান করে বোর্ডের ওয়েব সাইট থেকে অনুমোদনপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হবে। তবে কোন অভিযোগ বা আইনগত জটিলতার কারণে আবেদন নিষ্পত্তিতে বিলম্ব হলে আবেদনকারীর মোবাইল নম্বরে প্রদত্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগ ইন করে আবেদনের সর্বশেষ অগ্রগতি ও অবস্থা জানা যাবে।

৮. কোন মাদ্রাসার কমিটি বা অনুমতি/স্বীকৃতি বিষয়ে কোন অভিযোগ বা আপত্তি থাকলে ঐ বিষয়েও যথাযথ প্রমাণক, অভিযোগ ফি এবং অভিযোগকারীর মোবাইল নম্বর এবং জাতীয় পরিচয়পত্রের কপিসহ অনলাইনেই অভিযোগ দাখিল করতে হবে।

**অত্যন্ত জনগুরুত্বপূর্ণ এবং নাগরিক সেবায় উদ্ভাবণীমূলক এই কর্মকান্ড সফলভাবে পরিচালনার ক্ষেত্রে সকল জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং স্থানীয় শিক্ষা প্রশাসনের সকল স্তরের কর্মকর্তাসহ অত্র বোর্ডের সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করা যাচ্ছে।**

29.10.18

(প্রফেসর মোঃ মজিবুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৩৮।

অনলাইনে আবেদনের ক্ষেত্রে যে কোন বিষয়ে পরামর্শ নেয়ার জন্য অফিস সময়ের মধ্যে নিম্নোক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করা যাবেঃ
০১৭৮৭-৮০১৮৬৬, ০১৭৮৭-৮০১৮৬৯, ০১৭৮৭-৮০১৮৭০

**অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট (সকল মাদরাসা)**

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব) শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৩। জেলা প্রশাসক (সকল)।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, পরিবহন পুল ভবন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৬। অফিস নথি।

(মোঃ মজিবুর রহমান)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪।

**Head Office:** 2 Orphanage Road, Bakshi Bazar, Dhaka-1211. **Phone:** 58610216 (Chairman), 9612858 (Registrar), 9615576 (ICT Cell) 58610202(Controller of exams.), 8625882 (Inspector), **Fax:** 58616681, 58617908. **Email:** info@bmeb.gov.bd. **Web:** www.bmeb.gov.bd.

G:\Share\Success story of Madrasah Education\Online Madrasah Management committee Notice (Executive committee).doc